## ৪৭তম বিসিএস লিখিত পরীক্ষা

**বিষয় কোড : ০০১**

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৬×৫ = ৩০

(ক) শব্দের সঙ্গে যুক্ত বিভিন্ন ধরনের অর্থহীন শব্দাংশ, যেমন– বলক, পদাশ্রিত নির্দেশক, বচনের চিহ্ন, বিভক্তি ইত্যাদির পরিচয় দিন।

(খ) **শব্দগুলো প্রমিত বানানে লিখুন এবং ভুলের কারণ নির্দেশ করুন :**
অত্যান্ত, মনযোগ, পদাবলী, অংক, রুপা, বণ্টন।

(গ) **অংশটুকু সম্পাদনা করে লিখুন :**
গীতাঞ্জলী রবী ঠাকুরের গানের সঙ্কলন, যেটি ১৯১০ সালে প্রকাশিত হয়। এই কাব্যের কবির আধাত্ম ভাবের প্রতিফলন ঘটেছে। গানগুলো যে সময়ে রচনা হয়, তাঁর কয়েক বছর আগে কবি তার কয়েকজন ঘনিষ্ট আত্মিয়কে হারান। কবির মর্মবেদনা তাঁর দর্শন ও ধর্মচিন্তার সঙ্গে একাত্ব হয়ে স্ফুরিত গানের রূপ লাভ করিয়াছে।

(ঘ) **প্রবাদগুলোর অর্থ লিখে বাক্যে প্রয়োগ করুন :**
খালি কলসি বাজে বেশি, শাক দিয়ে মাছ ঢাকা, গরু মেরে জুতো দান, যতনে রতন মেলে, পচা শামুকে পা কাটা, অনুরোধে ঢেঁকি গেলা।

(ঙ) সরল, জটিল ও যৌগিক বাক্যের পরিচয় দিন এবং এদের পারস্পরিক রূপান্তর দেখান।

২. **ভাব-সম্প্রসারণ করুন :** ২০
"আত্মাকে যে জাগাতে পারে, বিশ্ব তারই কাছে উন্মোচিত হয়।"

৩. **সারাংশ লিখুন :** ২০
সুতরাং দেখা যায় কন্যাকে এরূপ শিক্ষা দেওয়া হয় না, যাহাতে সে স্বামীর ছায়াতুল্যা সহচরী হইতে পারে। প্রভুদের বিদ্যার গতির সীমা নাই, স্ত্রীদের বিদ্যার দৌড় সচরাচর 'বোধোদয়' পর্যন্ত।
স্বামী যখন পৃথিবী হইতে সূর্য ও নক্ষত্রের দূরত্ব মাপেন, স্ত্রী তখন একটা বালিশের ওয়াড়ের দৈর্ঘ্য প্রস্থ (সেলাই করিবার জন্য) মাপেন! স্বামী যখন কল্পনা-সাহায্যে সুদূর আকাশে গ্রহনক্ষত্রমালা-বেষ্টিত সৌরজগতে বিচরণ করেন, সূর্যমণ্ডলের ঘনফল তুলাদণ্ডে ওজন করেন এবং ধূমকেতুর গতি নির্ণয় করেন, স্ত্রী তখন রন্ধনশালায় বিচরণ করেন, চাউল ডাল ওজন করেন এবং রাঁধুনির গতি নির্ণয় করেন। বলি জ্যোতির্বেত্তা মহাশয়, আপনার পার্শ্বে আপনার সহধর্মিণী কই? বোধ হয়, গৃহিণী যদি আপনার সঙ্গে সূর্যমণ্ডলে যান, তবে তথায় পঁহুছিবার পূর্বেই পথিমধ্যে উত্তাপে বাষ্পীভূত হইয়া যাইবেন। তবে সেখানে গৃহিণীর না যাওয়াই ভালো!!

৪. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৬ × ৫ = ৩০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যের বৈশিষ্ট্য ও প্রবণতা লিখুন।

(খ) বাংলা পাঠ্যপুস্তক রচনায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করুন।

(গ) মীর মশাররফ হোসেনের সাহিত্যকৃতির পরিচয় দিন।

(ঘ) ছড়া, কবিতা, গান ও লোকগানের পার্থক্য লিখুন।

(ঙ) বাংলাদেশের কাব্যধারায় শামসুর রাহমান ও আল মাহমুদের অবদান মূল্যায়ন করুন।

**শ্রাবণ**

বাংলা

**বিষয় কোড : ০০২**

**নির্ধারিত সময় : ৪ ঘণ্টা**

**পূর্ণমান : ২০০**

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৬ × ৫ = ৩০

(ক) **শব্দগুলো কোন উপায়ে গঠিত লিখুন এবং গঠনরূপ ভেঙে দেখান :**
মায়াবী, বিশ্বাসযোগ্য, উদ্ধার, প্রত্যেক, জলবায়ু, মতলববাজ।

(খ) বাংলা বানানে শ, ষ, স ব্যবহারের রীতি উল্লেখ করুন।

(গ) বাক্যে কী কী ধরনের ভুল হয়ে থাকে উদাহরণসহ লিখুন।

(ঘ) **প্রবাদগুলো শুদ্ধ করে লিখুন :**

i. ওকে দিয়ে কোনো কাজই হবে না, ও একটা কলুর বলদ।

ii. আমি জানতাম তার এই দুর্গতিই হবে, কথায় বলে না– আঙুল ফুলে কলাগাছ!

iii. এভাবে বসন্তের কোকিলের মতো ঘুরো না, সামনেই কিন্তু চূড়ান্ত পরীক্ষা।

iv. ছোট একটা তদন্তে হাত দিয়েছিলাম, এখন দেখছি সাপের পাঁচ পা বেরিয়ে গেল!

v. ওর এই বিনয় দেখে ভুলো না, জানোই তো ধরি মাছ না ছুঁই পানি।

vi. এমন সময়ে এই সংবাদ শুনব ভাবতেও পারছি না, ব্যাপারটা যত গর্জে তত বর্ষে না এর মতো।

(ঙ) **বন্ধনীর নির্দেশ অনুযায়ী বাক্য রূপান্তর করুন :**

i. এই বাড়িতেই তিনি থাকতেন। (জটিল)

ii. প্রশ্ন শুনে কিছু বলতে পারছিলাম না। (যৌগিক)

iii. তাড়াতাড়ি করতে গিয়ে ভুল কোরো না। (অস্তিবাচক)

iv. দাঁড়াও, নইলে বিপদে পড়বে। (সরল)

v. অলস ব্যক্তিরাই ঘুমাতে পছন্দ করে। (নেতিবাচক)

vi. তিনি কোনোভাবেই এ কাজ করতে পারেন না। (প্রশ্নবাচক)

২. **ভাব-সম্প্রসারণ করুন :** ২০

ফ্যাশনটা হলো মুখোশ, স্টাইলটা হলো মুখশ্রী।

৩. **সারমর্ম লিখুন :** ২০

দুর্গম গিরি, কান্তার-মরু, দুস্তর পারাবার!
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার
দুলিতেছে তরী, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ,
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ?
কে আছ জোয়ান হও আগুয়ান হাঁকিছে ভবিষ্যৎ
এ তুফান ভারী, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।

তিমির রাত্রি, মাতৃমন্ত্রী সান্ত্রীরা সাবধান!
যুগ-যুগান্ত সঞ্চিত ব্যথা ঘোষিয়াছে অভিযান।
ফেনাইয়া ওঠে বঞ্চিত বুকে পুঞ্জিত অভিমান,
ইহাদের পথে নিতে হবে সাথে, দিতে হবে অধিকার।

৪. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৬ × ৫ = ৩০

(ক) প্রাচীন বাংলা সাহিত্যে প্রতিফলিত সমাজচিত্র সম্পর্কে সংক্ষেপে লিখুন।
(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে পৃষ্ঠপোষকদের ভূমিকা উল্লেখ করুন।
(গ) উনিশ শতকে যেসর নতুন সাহিত্যধারার সূচনা হয়, সেগুলোর পরিচয় দিন।
(ঘ) লোকসাহিত্যের বিভিন্ন শাখার বৈশিষ্ট্য আলোচনা করুন।
(ঙ) সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র নাট্যকৃতি সম্পর্কে লিখুন।

৫. **বাংলায় অনুবাদ করুন :** ১৫

The prevention of violence against women and children is a shared responsibility of families, communities and governments. Education and awareness programmes can play a vital role in changing harmful attitudes and behaviours. Strict enforcement of laws, along with quick and fair trial is necessary to ensure justice for victims. At the same time, providing safe shelters, counselling services and economic opportunities can empower women and protect children from exploitation.

৬. বাংলাদেশের শিক্ষাব্যবস্থার সমস্যা নিয়ে দুজন শিক্ষকের মধ্যে কাল্পনিক সংলাপ তৈরি করুন। ১৫

৭. জুলাই গণঅভ্যুত্থানের পরিপ্রেক্ষিতে দেয়ালে যেসব গ্রাফিতি ও ছবি আঁকা হয়েছে, সেগুলো ডিজিটাল মাধ্যমে সংরক্ষণের প্রয়োজনীয়তা উল্লেখ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লিখুন। ১৫

৮. আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের ওপর গ্রন্থ-সমালোচনা লিখুন। ১৫

৯. **রচনা লিখুন :** ৪০

আধুনিক বাংলা সাহিত্যে তারুণ্য।